গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
নাগেশ্বরী, কুড়িগ্রাম।
www.acl.nageshwari.kurigram.gov.bd

**বিষয় : নাগেশ্বরী উপজেলার ২০.০০ (কুড়ি) একর পর্যন্ত ০৫ (পাঁচ) টি (বদ্ধ) জলমহাল ইজারা বন্দোবস্তের লক্ষ্যে 'উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অধিকতর যাচাই-বাছাই ও মূল্যায়ণ সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব ফারজানা জাহান, উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

তারিখ : ০৬/০৩/২০২৩ খ্রি.( ২১ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ)

সময় : সকাল- ১১.৩০ ঘটিকা।

স্থান : উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর সভা কক্ষ।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য আরম্ভ করেন।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সহকারী কমিশনার (ভূমি) সভায় ১৫/০২/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত 'উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি'র সভার সিদ্ধান্ত মোতাবেক দরপত্র বাক্সে প্রাপ্ত ০৫ (পাঁচ) টি জলমহালের ০৯ (নয়) টি দরপত্র আবেদনের উক্ত দিনে সম্পাদিত প্রাথমিক যাচাই-বাছাই ও মূল্যায়ণ কার্যক্রম সম্পন্ন করতঃ প্রস্তুতকৃত বীড শীটে উপস্থিত সদস্যগণ স্বাক্ষর করেন। অদ্য ০৬/০৩/২০২৩ খ্রি.( ২১ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ) উল্লিখিত ০৯ (নয়) টি দরপত্র আবেদনসমূহের অধিকতর যাচাই-বাছাই ও মূল্যায়ণ কার্যক্রম সম্পন্নের লক্ষ্যে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দের উপস্থিতিতে যাচাই-বাছাই ও মূল্যায়ণ কার্যক্রম আরম্ভ করেন।

০১। 'মন্নেয়ার পাড়' বিলঃ

আলোচনাঃ 'মন্নেয়ার পাড়' বিল জলমহালের জন্য দরপত্র বাক্সে মোট ০১ (এক) টি আবেদন পাওয়া যায়। জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুসারে জলমহাল ইজারা বিজ্ঞপ্তির শর্ত সমূহ প্রতিপালনপূর্বক নিম্ন বর্ণিত সমিতি দর প্রদান করে।

| ক্রঃ নং | সমিতির নাম ও ঠিকানা | সরকারি ইজারা মূল্য | সমিতি কর্তৃক প্রদত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | মন্নেয়ার পাড় মৎস্যজীবী সমবায় সমিতি শালমারা, ইউঃপি- কালীগঞ্জ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ৪৯,০০০/- | ৫০,০০০/- | |

সিদ্ধান্তঃ

সভায় 'মন্নেয়ার পাড়' বিল জলমহালের জন্য প্রাপ্ত একমাত্র আবেদনটি যাচাই-বাছাইঅন্তে উপস্থিত সদস্যগণের সম্মতিক্রমে 'মন্নেয়ার পাড় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, শালমারা, ইউঃপি- কালীগঞ্জ, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর অনুকূলে বাংলা ১৪৩০-১৪৩২ সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদান করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। 'কেশরিয়া' বিলঃ

আলোচনাঃ 'কেশরিয়া' বিল জলমহালের জন্য দরপত্র বাক্সে মোট ০৩ (তিন) টি আবেদন পাওয়া যায়। জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুসারে জলমহাল ইজারা বিজ্ঞপ্তির শর্ত সমূহ প্রতিপালনপূর্বক নিম্নবর্ণিত সমিতি সমূহ 'দর' প্রদান করে।

| ক্রঃ নং | সমিতির নাম ও ঠিকানা | সরকারি ইজারা মূল্য | সমিতি কর্তৃক প্রদত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | দেবীপুর মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ দেবীপুর, ভিতরবন্দ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ৫৫,৬৫০/- | ১,৭০,০০০/- | সর্বোচ্চ দরদাতা |
| ০২ | ভিতরবন্দ ইউনিয়ন মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ ভিতরবন্দ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ৫৫,৬৫০/- | ১,৫০,০০০/- | |
| ০৩ | মন্নেয়ার পাড় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ শালমারা, কালীগঞ্জ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ৫৫,৬৫০/- | ১২,৭০০/- | |

সিদ্ধান্তঃ

সভায় 'কেশরিয়া' বিল জলমহালের জন্য প্রাপ্ত ০৩ (তিন) টি আবেদন যাচাই-বাছাইঅন্তে উপস্থিত সদস্যগণের সম্মতিক্রমে 'দেবীপুর মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, ভিতরবন্দ, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর প্রদত্ত দর সর্বোচ্চ বিবেচিত হওয়ায় 'দেবীপুর মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, ভিতরবন্দ, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর অনুকূলে বাংলা ১৪৩০-১৪৩২ সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদান করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। 'ভেলকারদহ ছড়া"

আলোচনাঃ 'ভেলকারদহ ছড়া" জলমহালের জন্য দরপত্র বাক্সে মোট ০১ (এক) টি আবেদন পাওয়া যায়। জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুসারে জলমহাল ইজারা বিজ্ঞপ্তির শর্ত সমূহ প্রতিপালনপূর্বক নিম্নবর্ণিত একমাত্র সমিতিটি 'দর' প্রদান করে।

| ক্রঃ নং | সমিতির নাম ও ঠিকানা | সরকারি ইজারা মূল্য | সমিতি কর্তৃক প্রদত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | বালাবাড়ী মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ বালাবাড়ী, ঝাকুয়াটারী, কচাকাটা নাগেশ্বরী, কুড়িগ্রাম | ১,৭২,০০০/- | ১,৯০,২৫০/- | |

সিদ্ধান্তঃ

সভায় 'ভেলকারদহ ছড়া" জলমহালের জন্য প্রাপ্ত একমাত্র আবেদনটি যাচাই-বাছাইঅন্তে উপস্থিত সদস্যগণের সম্মতিক্রমে 'বালাবাড়ী মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, বালাবাড়ী, ঝাকুয়াটারী, কচাকাটা নাগেশ্বরী, কুড়িগ্রাম এর প্রদত্ত দর সরকারি ইজারা মূল্যের থেকে বেশী বিবেচিত হওয়ায় 'বালাবাড়ী মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, বালাবাড়ী, ঝাকুয়াটারী, কচাকাটা নাগেশ্বরী, কুড়িগ্রাম এর অনুকূলে বাংলা ১৪৩০-১৪৩২ সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদান করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। 'কালাপাটের কুড়া'

আলোচনাঃ 'কালাপাটের কুড়া' জলমহালের জন্য দরপত্র বাক্সে মোট ০২ (দুই) টি আবেদন পাওয়া যায়। জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুসারে জলমহাল ইজারা বিজ্ঞপ্তির শর্ত সমূহ প্রতিপালনপূর্বক নিম্নবর্ণিত সমিতি সমূহ 'দর' প্রদান করে।

| ক্রঃ নং | সমিতির নাম ও ঠিকানা | সরকারি ইজারা মূল্য | সমিতি কর্তৃক প্রদত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | নেওয়াশি মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ গোবর্ধনকুটি, নেওয়াশি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ৩৬,০০০/- | ৫২,৫০০/- | |
| ০২ | নাগেশ্বরী ইউনিয়ন মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ নাগেশ্বরী, কুড়িগ্রাম | ৩৬,০০০/- | ৬০,০০০/- | |

সিদ্ধান্তঃ

সভায় 'কালাপাটের কূড়া' জলমহালের জন্য প্রাপ্ত ০২ (দুই) টি আবেদন যাচাই-বাছাই ও মূল্যায়ণকালে দেখা যায় যে, নাগেশ্বরী ইউনিয়ন মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর দাখিলকৃত দরপত্রে 'গঠনতন্ত্র, রুপরেখা ও ব্যাংক সলভেন্সি প্রত্যয়ন নেই। উল্লিখিত সমিতি জলমহালের তুলনামূলক দূরবর্তী। উক্ত নাগেশ্বরী ইউনিয়ন মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, নাগেশ্বরী, কুড়িগ্রাম সম্পর্কে সভায় জানা যায় যে, উক্ত সমিতি ইতোপূর্বে বাংলা ১৪২৯-১৪৩১ মেয়াদে অত্র উপজেলার রায়গঞ্জ ইউনিয়নস্থ 'ভৈরব বিল' জলমহালের ইজারা বন্দোবস্ত বিজ্ঞপ্তির বিপরীতে অংশগ্রহণ করতঃ সর্বোচ্চ দর প্রদান করে নির্ধারিত সময়ের মধ্যে ইজারা মূল্য, আয়কর ও ভ্যাট প্রদানে ব্যর্থ হওয়ায় 'উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি'র সিদ্ধান্তক্রমে প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা হয়। অপরদিকে উল্লিখিত ০১ (এক) নং দরপত্র দাখিলকারী 'নেওয়াশি মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, গোবর্ধনকুটি, নেওয়াশি, নাগেশ্বরী, কুড়িগ্রাম জলমহালের অপেক্ষাকৃত নিকটবর্তী বিবেচনায় ও প্রদত্ত দর সরকারি দরের অধিক হওয়ায় এবং উল্লেখযোগ্য শর্তসমূহ প্রতিপালন করায় উপস্থিত সদস্যগণের সম্মতিক্রমে 'নেওয়াশি মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, গোবর্ধনকুটি, নেওয়াশি, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর অনুকূলে বাংলা ১৪৩০-১৪৩২ সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদান করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। 'ছোট মানি - বড় মানি বিলঃ

আলোচনাঃ **'ছোট মানি - বড় মানি বিল** জলমহালের জন্য দরপত্র বাক্সে মোট ০৩ (তিন) টি আবেদন পাওয়া যায়। তন্মধ্যে রায়গঞ্জ ইউনিয়ন মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর সভাপতি মোসলেম উদ্দিন অন-লাইনে দরপত্র দাখিল করলেও দরপত্র বাক্সে দরপত্রের হার্ড কপি দাখিল করেননি। অধিকন্তু উক্ত সমিতি অন-লাইনে কোন দর দাখিল করেনি। জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুসারে জলমহাল ইজারা বিজ্ঞপ্তির শর্ত সমূহ প্রতিপালনপূর্বক অবশিষ্ট ০২ (দুই) টি নিম্নবর্ণিত সমিতি সমূহ 'দর' প্রদান করে।

| ক্রঃ নং | সমিতির নাম ও ঠিকানা | সরকারি ইজারা মূল্য | সমিতি কর্তৃক প্রদত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | রায়গঞ্জ ইউনিয়ন মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ<br>সভাপতি- মন্টু মিয়া<br>নাগেশ্বরী, কুড়িগ্রাম | ৫২,৫০০/- | ৬৯,০০০/- | |
| ০২ | বামনডাঙ্গা বড় মানি আই এ পি পি মৎস্যচাষী সমবায় সমিতি লিঃ,<br>নাগেশ্বরী, কুড়িগ্রাম | ৫২,৫০০/- | ৭৭,৫০০/- | |
| ০৩ | রায়গঞ্জ ইউনিয়ন মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর সভাপতি মোসলেম উদ্দিন<br>রায়গঞ্জ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ৫২,৫০০/- | দর প্রদান করেনি | হার্ড কপি দাখিল করেনি ও অন-লাইনে কোন দর প্রদান করেনি |

সিদ্ধান্তঃ

**সভায় 'ছোট মানি - বড় মানি বিল** জলমহালের জন্য উল্লিখিত ০২ (দুই) টি আবেদন যাচাই-বাছাইঅন্তে দেখা যায় যে 'বামনডাঙ্গা বড় মানি আই এ পি পি মৎস্যচাষী সমবায় সমিতি লিঃ, নাগেশ্বরী, কুড়িগ্রাম নীতিমালায় বর্ণিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি'র পরিবর্তে 'মৎস্যচাষী' সমবায় সমিতি হওয়ায় উপস্থিত সদস্যগণের সম্মতিক্রমে উক্ত সমিতির আবেদনটি গ্রহণযোগ্য বিবেচিত না হওয়ায় ০১ নং ক্রমিকে উল্লিখিত 'রায়গঞ্জ ইউনিয়ন মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ' সভাপতি -মন্টু মিয়া, নাগেশ্বরী, কুড়িগ্রাম যোগ্য এবং প্রদত্ত দর সরকারি দরের থেকে বেশি বিবেচিত হওয়ায় উক্ত 'রায়গঞ্জ ইউনিয়ন মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ' সভাপতি- মন্টু মিয়া, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর অনুকূলে বাংলা ১৪৩০-১৪৩২ সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদান করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায় সভাপতি উল্লিখিত ০৫ (পাঁচ) টি জলমহালের সর্বসম্মতভাবে নির্বাচিত মৎস্যজীবী সমিতি সমূহের সভাপতি/সাধারণ সম্পাদক বরাবর বাংলা ১৪৩০ সনের 'উদ্ধৃত ইজারা মূল্য, ১৫% ভ্যাট ও ৫% আয়কর নির্ধারিত কোডে জমা প্রদান করে চালানের কপি সহকারী কমিশনার (ভূমি), নাগেশ্বরী, কুড়িগ্রাম এর কার্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা প্রদান করতে এবং উক্ত সমিতি সমূহকে ৩০০/- (তিনশত টাকার) নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিনামা সহকারী কমিশনার (ভূমি), নাগেশ্বরী, কুড়িগ্রাম বরাবর আগামী ০৬ এপ্রিল, ২০২৩ খ্রি. (২৩ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ) তারিখের মধ্যে সম্পাদনপূর্বক ১৪ এপ্রিল, ২০২৩ খ্রি. (০১ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ) তারিখে নির্বাচিত সমিতি সমূহকে দখল হস্তান্তর নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(ফারজানা জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৩১.০২.৪৯৬১.০০০.০৩.০৪১.২২-

তারিখঃ ২১ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ
০৬ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে)-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-</u>

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫, কুড়িগ্রাম-৩
০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
০৬। উপজেলা ..................................., কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
০৭। চেয়ারম্যান.........................., ইউনিয়ন পরিষদ (সংশ্লিষ্ট), নাগেশ্বরী, কুড়িগ্রাম।
০৮। জনাব..........................................................................., নাগেশ্বরী, কুড়িগ্রাম।

06.03.2023

(আহমেদ সাদাত)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নাগেশ্বরী, কুড়িগ্রাম।